26 SEP 1988

তারিখ ...২৬ SEP 1988...
পৃষ্ঠা... ৬ ... কলাম ... ৬ ...

১০৪

034

# ডিগ্রী পরীক্ষার তারিখ

সকলেরই কামনা নির্ধারিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হোক। নির্ধারিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হলে সেশন জট সৃষ্টি হয় না। হোস্টেলে ছাত্রদের আসন নিয়ে বা চাকরির বয়স নিয়ে অসুবিধায় পড়তে হয় না। অথচ অনিবার্য কারণে আমাদের কোন বিশ্ববিদ্যালয়েই নির্ধারিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে না দীর্ঘ দিন ধরে। এর কারণ নির্ণয়ের জন্য অনেক লেখালেখি, আলোচনা এবং সেমিনার হয়েছে। সমস্যা সমাধানের চেষ্টাও করা হয়েছে, কিন্তু যে কোন কারণেই হোক সকল ক্ষেত্রে সফলতা অর্জন করা যায়নি।

সম্প্রতি প্রশ্ন উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার তারিখ নিয়ে। গত ১৪ই সেপ্টেম্বর থেকে এই পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। তা হয়নি, তার বদলে নতুন তারিখ নির্ধারিত হয়েছে ২২শে অক্টোবর। কিন্তু ইতিমধ্যে কোন কোন মহল থেকে বলা হচ্ছে যে ২২শে অক্টোবরও নাকি ডিগ্রী পরীক্ষা শুরু হবে না। এ ধরনের খবর ছাত্রছাত্রীদের কাছে তেমন প্রীতিপদ মনে হবে না। বস্তুতঃ পরীক্ষার তারিখ আবারো বদলানো হলে তারা নানারকমের অসুবিধায় পড়বে। তাই পত্রিকান্তরে ডিগ্রী পরীক্ষার তারিখ অপরিবর্তিত রাখার জন্য কর্তৃপক্ষের কাছে আবেদন জানানো হয়েছে।

পত্রিকান্তরে ডিগ্রী পরীক্ষার রুটিন সম্পর্কেও ছাত্রছাত্রীদের অসুবিধার কথা উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে রসায়নবিদ্যার তিনটি পত্রের পরীক্ষা উপর্যুপরি তিনদিন ধার্য করা হয়েছে। তেমনি ভূগোল মনোবিজ্ঞান ও ইসলামের ইতিহাস বিষয়ের পরীক্ষা চলবে একনাগাড়ে ২৮শে অক্টোবর থেকে ৩ই নবেম্বর পর্যন্ত। ছাত্রছাত্রীদের বক্তব্য হচ্ছে এ ধরনের একটানা পরীক্ষা দেওয়া অসুবিধাজনক। তাই তারা পরীক্ষার রুটিন পুনর্বিবেচনার আবেদন জানিয়েছেন।

বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিবেচ্য। আমরা আশা করব, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেশনজট নিরসনের স্বার্থে ছাত্রছাত্রীদের কল্যাণে নির্ধারিত তারিখে পরীক্ষা নেবেন এবং ছাত্রছাত্রীদের অসুবিধার কথা বিবেচনা করবেন।